৩৩

দৈনিক ইত্তেফাক

তারিখ 05 FEB 1994
পৃষ্ঠা ১ কলাম ৬

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# শিক্ষকদের একাংশের সমাবর্তন অনুষ্ঠান বর্জনের সিদ্ধান্ত

চট্টগ্রাম অফিস ॥ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের একাংশ আগামীকাল ৬ই ফেব্রুয়ারী অনু-

(শেষ পৃ: ৪-এর ক: দ্র:)

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

(১ম পৃ: পর)

ষ্ঠিতব্য প্রথম সমাবর্তন অনুষ্ঠান বর্জনের সিদ্ধান্ত ঘোষণা করিয়াছেন। বাংলাদেশের মুক্তিযুদ্ধ, স্বাধীনতা ও প্রগতির চেতনায় উজ্জীবিত শিক্ষক সমাজ-এর ব্যানারে শিক্ষকবৃন্দ গতকাল (শুক্রবার) বিকালে প্রেস ক্লাবে এক সাংবাদিক সম্মেলনে উপরোক্ত সিদ্ধান্ত ঘোষণা করেন। শিক্ষক নেতৃবৃন্দ বলেন, সরকার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়কে স্বাধীনতা বিরোধী ও ফ্যাসীবাদীচক্রের হাতে ছাড়িয়া দিয়াছে। সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য উপস্থাপন করেন ডঃ মঞ্জুর মোর্শেদ খান। অন্যাদের মধ্যে উপস্থিত ছিলেন অধ্যাপক অনুপম সেন, অধ্যাপিকা হামিদা বানু অধ্যাপক রঞ্জিত শর্মা, প্রমুখ।